

REGIONAL NEWS UNIT ALL
INDIA RADIO, SILCHAR

MORNING BULLETIN : BENGALI

Date:- 21-05-2018

Time : 07:35-07:40 am

রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ আবহাওয়া পরিবর্তনের ফলে উদ্ভূত প্রত্যাহ্বানের সম্মুখীন হবার উপযোগী উপায় উদ্ভাবন করতে গবেষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। মোহালিতে গতকাল অনুষ্ঠিত বিজ্ঞান শিক্ষা ও গবেষণা পরিষদের সপ্তম সমাবর্তনে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি দেশের স্বাস্থ্য সেবাএ ব্যয় লাঘব করার প্রচেষ্টা চালাতে ও গবেষকদের পরামর্শ দেন। তিনি বলেন যে দেশের কৃষকরা উৎপাদনের ক্ষেত্রে সম্মুখীন হওয়া প্রত্যাহ্বান এবং চাষের জন্য জলের অভাব দূর করে তাদের সহায়তা করতে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বিজ্ঞানীদের দেশ গঠনের কাজে ওতপ্রতভাবে জড়িত হবার আহ্বান জানিয়েছেন।

ভারতীয় জনতা পার্টির জাতীয় সভাপতি অমিত শাহ বলেছেন যে সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে শান্তি ও সুস্থিততা প্রতিষ্ঠা করাই হচ্ছে উত্তর-পূর্ব গনতান্ত্রিক মোর্চা (নেডা) প্রতিষ্ঠার মূল লক্ষ্য। গতকাল গুয়াহাটীতে অনুষ্ঠিত নেডার তৃতীয় অধিবেশনে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন যে নেডার মাধ্যমে বিজেপি সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের উপজাতিগুলিকে একত্রিত করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। শ্রীশাহ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমগ্র অঞ্চলটিকে শান্তির পথে এগিয়ে নিয়ে যাবার প্রচেষ্টা অব্যাহ রেখেছেন এবং এর জন্য উত্তর-পূর্বাঞ্চলের সড়ক যোগাযোগ আরো উন্নত করার উপর অধিক গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন যে কংগ্রেস বিগত দীর্ঘদিন যাবৎ সমগ্র উত্তর-

পূর্বাঞ্চলকে উপেক্ষা করার ফলে অঞ্চলটি পিছিয়ে রয়েছে এবং এর জন্য তার দল এই অঞ্চলের উন্নয়ন প্রক্রিয়া অধিক দ্রুততর করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। অভিবর্তনে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলকে দেশের উন্নয়নের চালিকা শক্তি হিসেবে গন্য করেছেন এবং এই অঞ্চলের বিকাশের জন্য সবসময় প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। গতকাল অভিবর্তনে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরা অংশ গ্রহন করেছেন।

রাজ্যসরকার অন্যান্য বছরের মতো আজও সন্ত্রাসবাদ বিরোধী দিবস পালন করবে। রাজ্যের সব জেলা ও মহকুমা প্রধানদের এ উপলক্ষ্যে সকাল ১১টায় সন্ত্রাস বিরোধী শপথ গ্রহণ করে দিনটি পালন করার নির্দেশ দেওয়া হয়েছে। গৌহাটীর রাজ্য সচিবালয়ে ও আজ সকাল ১১টায় সন্ত্রাস বিরোধী শপথ গ্রহণ করা হবে। রাজ্যসরকার সব জেলা ও মহকুমা সদরের স্কুল কলেজগুলিতে সন্ত্রাস ও অপরাধের ভয়াভহতার উপর সচেতনতা বৃদ্ধিতে আলোচনাচক্র, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করতে নির্দেশ দিয়েছে। বরাক উপত্যকার স্কুল, কলেজ কার্যালয়ে ইত্যাদিতে ও আজ বেলা ১১টায় সন্ত্রাস বিরোধী শপথ নেওয়া হবে। উল্লেখ্য আজকের দিনে প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী সন্ত্রাসবাদীদের গুলিতে নিহত হয়েছিলেন। তার প্রতি শ্রদ্ধা জানাতে আজকের দিনটি সন্ত্রাস বিরোধী দিবস হিসেবে পালন করা হয়ে থাকে।

অরুণাচল প্রদেশের পাশিঘাট বিমানবন্দর থেকে দেশের বিভিন্ন স্থানে আজ থেকে নিয়মিত যাত্রীবাহী বিমান পরিষেবা আরম্ভ হবে। আজ প্রথম এয়ার ইন্ডিয়া অধীনে এলায়েন্স এয়ার বিমান পাশিঘাট-গুয়াহাটী এবং কোলকাতার মধ্যে চলাচল করবে। এই বিমান চলাচলের মাধ্যমে অরুণাচল প্রদেশের অসামরিক বিমান পরিবহনের ক্ষেত্রে এক নতুন যুগের সূচনা হবে।

এলায়েন্স এয়ার এবং অসামরিক বিমান পরিবহণ বিভাগের আধিকারিকরা জানিয়েছেন যে আজ থেকে প্রতি সপ্তাহে তিনদিন এই বিমান চলাচল করবে । এবং এরজন্যে ইচ্ছুক যাত্রীরা এখন থেকেই টিকিট বুকিং করতে পারবেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী কিরেন রিজিজু বলেছেন উত্তরপূর্বাঞ্চল কৌশলগত অঞ্চল এবং এর সুরক্ষার ক্ষেত্রে আসাম রাইফেলস উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে । নাগাল্যান্ডের সুকোভিতে আসাম রাইফেলস এর প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত কুচ কাওয়াজ এর অংশ গ্রহন করে ভাষন দেবার সময় দেশের সবচেয়ে পুরনো আধাসামরিক বাহিনী হিসেবে আসাম রাইফেলস এর সাফল্যের উপর আলোকপাত করেন । তিনি সুরক্ষা থেকে কল্যানমুখী ও উন্নয়নমূলক সাহায্য প্রদান সহ বিভিন্ন ক্ষেত্রে বাহিনীর পালন করে আসা বহুমুখী ভূমিকার কথা ও উল্লেখ করেন ।

নগাঁও পুলিশ গতকাল গন্ডার হত্যার চারজন চোরাকারীকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ঐ চোরাকারীদের কাছ থেকে দুটি AK47 রাইফেল সহ ছ'টি ম্যাগাজিন এবং দুশ'রও বেশি গুলি বাজেয়াপ্ত করা হয়েছে । কাজিরাঙ্গার সম্প্রতি হওয়া গন্ডার হত্যার ঘটনার সঙ্গে এরা জড়িত রয়েছে বলে পুলিশ সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

সমাপ্ত